গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
সংস্থাপন শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭
www.techedu.gov.bd
bdgovjob.com

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪৬.১১.০৯৭.২৩-৭৫৮

তারিখঃ ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউটসমূহ ও টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজের রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত পদসমূহে অস্থায়ীভাবে শূন্য পদের বিপরীতে সরাসরি নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://dter.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে; bdgovjob.com

| ক্রঃ নং | পদের নাম, বেতনক্রম ও গ্রেড (জা.বে.স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১. | উচ্চমান সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড- ১৪তম | ০৯টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ২৩ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চাঁদপুর, ফেনী, লক্ষ্মীপুর, কুড়িগ্রাম, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলা। |
| ২. | ইউডিএ-কাম-কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড- ১৪তম | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ২৩ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও জেলা। |
| ৩. | ইউডিএ কাম ডাটা প্রসেসর<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড- ১৪তম | ০২টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ২৩ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী জেলা। |
| ৪. | হিসাব রক্ষক<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড- ১৪তম<br>bdgovjob.com | ১৪টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | মাদারীপুর, রাজবাড়ী, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, রাজশাহী, নওগাঁ, নাটোর, বগুড়া, গাইবান্ধা, খুলনা, সাতক্ষীরা, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী জেলা। |
| ৫. | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড- ১৪তম | ০২টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ। | রাজবাড়ী, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, রাঙ্গামাটি জেলা। |
| ৬. | লাইব্রেরিয়ান<br>১০২০০-২৪৬৮০/-<br>গ্রেড- ১৪তম | ০৫টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ লাইব্রেরি সায়েন্সে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, রাজশাহী, বগুড়া, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী জেলা। |

| ক্রঃ নং | পদের নাম, বেতনক্রম ও গ্রেড (জা.বে.স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ৭. | ইলেকট্রিশিয়ান-কাম-পাম্প অপারেটর ১০২০০-২৪৬৮০/- গ্রেড- ১৪তম | ০২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ইলেকট্রিক্যাল ট্রেডসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল)। bdgovjob.com | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, কুমিল্লা, খাগড়াছড়ি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী জেলা। |
| ৮. | (ক) ড্রাইভার (হেভি) ৯৭০০-২৩৪৯০/- গ্রেড- ১৫তম<br>(খ) ড্রাইভার (লাইট) ৯৩০০-২২৪৯০/- গ্রেড- ১৬তম | ১৬টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভার (হেভী) এর ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারি যানবাহন চালনায় পারদর্শী এবং ড্রাইভার (লাইট) এর ক্ষেত্রে বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনায় পারদর্শী। | ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, ময়মনসিংহ, চাঁদপুর, লক্ষ্মীপুর, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, হবিগঞ্জ জেলা। |
| ৯. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- গ্রেড- ১৬তম | ২৫টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। | মানিকগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শেরপুর, জয়পুরহাট, রংপুর, গাইবান্ধা, ঠাকুরগাঁও, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া জেলা। bdgovjob.com |
| ১০. | এলডিএ কাম-ডাটা প্রসেসর ৯৩০০-২২৪৯০/- গ্রেড- ১৬তম | ০৪টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ। | রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর জেলা। |
| ১১. | হিসাব সহকারী ৯৩০০-২২৪৯০/- গ্রেড- ১৬তম | ০৯টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | মানিকগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, কক্সবাজার, রাঙ্গামাটি, পাবনা, সিরাজগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল জেলা। |
| ১২. | ক্যাশিয়ার ৯৩০০-২২৪৯০/- গ্রেড- ১৬তম | ০২টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরীয়তপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া জেলা। |
| ১৩. | সহকারী লাইব্রেরিয়ান-কাম-ক্যাটালগার ৯৩০০-২২৪৯০/- গ্রেড- ১৬তম | ০৬টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ। | নরসিংদী, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলা। |

| ক্রঃ নং | পদের নাম, বেতনক্রম ও গ্রেড (জা.বে.স্কেল, ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১৪. | ক্যাশ সরকার ৮৮০০-২১৩১০/- গ্রেড- ১৮তম | ১২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটারে MS Office এ কাজ করার দক্ষতা। | ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়া, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, যশোর জেলা। |
| ১৫. | ইলেকট্রিশিয়ান ৮৮০০-২১৩১০/- গ্রেড- ১৮তম | ০১টি | কোন স্বীকৃত বোর্ড হইতে- (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৬ (ছয়) মাস মেয়াদি ট্রেড সার্টিফিকেট বা NTVQF (Level-1) উত্তীর্ণ। অথবা (খ) সংশ্লিষ্ট ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) সহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ৬(ছয়) মাসের বাস্তব অভিজ্ঞতা; এবং (গ) ইলেকট্রিসিটি লাইসেন্সিং বোর্ডের বি-সার্টিফিকেট প্রাপ্ত। | প্রযোজ্য নয় (সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন) |
| ১৬. | স্কিল্ডম্যান ৮৫০০-২০৫৭০/- গ্রেড- ১৯তম | ০৯টি | কোন স্বীকৃত বোর্ড হইতে- (ক) গ্লাস ও সিরামিক ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল); অথবা (খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ গ্লাস বা সিরামিক ট্রেডে NTVQF (Level-1) উত্তীর্ণ; অথবা (গ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ৬ (ছয়) মাস বা ৩৬০ (তিনশত ষাট) ঘন্টা মেয়াদি সিরামিক ট্রেডে বেসিক স্কীল কোর্সে উত্তীর্ণ। | মাদারীপুর, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, নোয়াখালী জেলা। |
| ১৭. | অফিস সহায়ক ৮২৫০-২০০১০/- গ্রেড- ২০তম | ১৪২টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | মানিকগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, টাঙ্গাইল, নেত্রকোনা, শেরপুর, জয়পুরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, ভোলা, পিরোজপুর, বরগুনা জেলা। |
| | সর্বমোট | ২৬১টি | | |
| | **এতিম ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।** | | | |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবেঃ-

১. অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান পদ্ধতিঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://dter.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদন পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ: bdgovjob.com

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ২২/১০/২০২৩ খ্রি., সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ: ১১/১১/২০২৩ খ্রি., বিকাল ০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন প্রেরণ করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। bdgovjob.com

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান</u>: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য আবেদন প্রতি ক্রমিক নং-১ থেকে ১৪ পর্যন্ত ২০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক নং- ১৫ থেকে ১৮ পর্যন্ত ১০০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম **SMS:**</u> DTER<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: DTER ABCDEF

Reply: Applicant's Name, Tk. 223/112 will be charged as application fee, Your PIN is xxxxxxx.

To pay fee Type DTER<space>YES<space>PIN and Send to 16222.
দ্বিতীয় **SMS:** DTER<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DTER YES xxxxxxx
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DTE Recruitment Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dter.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। www.bdgovjob.com

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DTER<space>Help<space>User<space>User ID & send to 16222
Example: DTER Help User ABCDEF& send to 16222

(ii) PIN Number জানা থাকলে DTER<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: DTER Help PIN 1234567 & send to 16222

ঝ. Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://dter.teletalk.com.bd এ পাওয়া যাবে।

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটারের দোকান থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২. ০১/১০/২০২৩ খ্রি. তারিখে প্রার্থীদের বয়স ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। www.bdgovjob.com

৩. মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমনপদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৪. এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বহির্ভূত গেজেটেড ও নন-গেজেটেড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

৫. ক্রমিক নং ১-৩, ৫ এবং ৮-১০ এ বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তাছাড়া, ক্রমিক নং ৪, ৬, ৭ এবং ১১-১৭ এ বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৬. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৭. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল বা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে।

৯. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য বা জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ);

খ. প্রবেশপত্রসহ পূরণকৃত রঙিন আবেদনপত্রের কপি (Applicant's Copy) এবং ০২ (দুই) কপি ছবি;

গ. প্রার্থী যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ঘ. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের কপি। এক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে;

চ. এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এর কপি;

ছ. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র;

জ. কোনো প্রার্থী বিদেশ হতে তাঁর অর্জিত কোনো ডিগ্রীকে উল্লিখিত পদ/পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদ।

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হইলে ১২১ এ কল করুন অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: DTER, Post Name, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও www.techedu.gov.bd এবং http://dter.teletalk.com.bd এ অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/dter ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হইবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১০. নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট www.techedu.gov.bd এ প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) জানিয়ে দেওয়া হবে।

১১. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।

১২. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. উল্লিখিত সকল পদে নিয়োগের নিমিত্ত লিখিত পরীক্ষা একই তারিখ ও একই সময়ে অনুষ্ঠিত হবে।

15-10-23

(এ, ওয়াই, এম, জিয়াউদ্দীন আল-মামুন)
পরিচালক (পিআইডব্লিউ) [যুগ্ম সচিব]
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটি
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা- ১২০৭।